কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 27 JUNE 2026 ,SATURDAY | ২৭ জুন ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-205

## আদালত চত্বরে তৃণমূল যুব নেতাকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন :** আলিপুরদুয়ারে এবার 'ডিম থেরাপি'র ঘটনা ঘিরে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। শুক্রবার তৃণমূল যুব নেতা রনি মল্লিককে পুলিশ আদালতে পেশ করার সময় তাঁকে লক্ষ্য করে একাধিক ডিম ছোড়া হয়। ঘটনাকে কেন্দ্র করে আদালত চত্বরে উত্তেজনার সৃষ্টি হয়।পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে আলিপুরদুয়ার জংশন এলাকা থেকে রনি মল্লিককে গ্রেপ্তার করা হয়। অভিযোগ, তিনি বিজেপি যুব মোর্চার সক্রিয় নেতা শুভম ঘোষকে প্রাণনাশের হুমকি দিয়েছিলেন। অভিযুক্তের স্ত্রী বিবেকানন্দ-১ গ্রাম পঞ্চায়েতের তৃণমূল সদস্যা। অভিযোগ, সেই প্রভাবকে কাজে লাগিয়ে এলাকায় দাপট দেখানো, হুমকি দেওয়া এবং তোলাবাজির মতো একাধিক অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে।তবে আদালতে পেশ করার সময় রনি মল্লিক সমস্ত অভিযোগ অস্বীকার করেন। তাঁর দাবি, "আমি পাড়ার একটি দোকানের সামনে দাঁড়িয়ে ছিলাম। সেই সময় পাঁচ-সাতজন ব্যক্তি বিনা প্ররোচনায় আমার ওপর হামলা চালিয়ে মারধর করে। প্রাণভয়ে জংশন পুলিশ ফাঁড়িতে আশ্রয় নিতে গেলে উল্টে পুলিশ আমাকে গ্রেপ্তার করে।"ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। অভিযোগ ও পাল্টা অভিযোগের মধ্যে আদালত চত্বরে ডিম নিক্ষেপের ঘটনাও নতুন করে রাজনৈতিক উত্তেজনা উসকে দিয়েছে।

## পর্ণশ্রীর কেপিটি ক্যানাল পরিষ্কার করালেন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৬ জুন :** দক্ষিণ কলকাতার বেহালার পর্ণশ্রীর কেপিটি ক্যানালের সংস্কারের অভাবের জন্য বেহালার বিস্তীর্ণ অঞ্চল জুড়ে জলমগ্ন পরিস্থিতির সৃষ্টি হয় । এই জলমগ্ন পরিস্থিতির সমাধান করলেন বেহালা পশ্চিমের বিধায়ক তথা রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ ।শুক্রবার মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ নিজে দাঁড়িয়ে থেকে পরিস্থিতি পর্যবেক্ষণ করে ও সেচ দপ্তরের সাথে কথা বলে অতঃপর যুদ্ধকালীন তৎপরতায় সংস্কার কার্য সম্পন্ন করান । এদিন মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ এর ভূমিকায় খুবই খুশি বেহালাবাসী । বেহালাবাসীর মতে বিগত ১৫ বছর ধরে তৃণমূল সরকারের আমলে রাস্তায় জল জমলে তৃণমূল নেতাদের বলতে গেলে বলতো ,"এটা দিদির স্বপ্নের "টেমস" নদীর জল ,উপভোগ করুন".এখন সরকার পরিবর্তনের পরই বিজেপি সরকারের সময়ে সব কাজ দ্রুত গতিতে হচ্ছে ,এটাই ডাবল ইঞ্জিন সরকারের কাজের ধরন।



# হাতির অত্যাচার থেকে রেহাই পেতে বনদপ্তরের দ্বারস্থ গ্রামবাসীরা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন :** প্রতিনিয়ত জঙ্গল থেকে হাতি বের হয়ে ক্ষতি করছে লোকালয়ে এসে। দিনের পর দিন ক্ষতিগ্রস্ত হচ্ছেন মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন বুথের বাসিন্দারা। শুক্রবার মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েতের বালাবাড়ী সংলগ্ন এলাকার বাসিন্দারা একত্রিত হয়ে শামুকতলা রেঞ্জ অফিসে এসে রেঞ্জার এর সঙ্গে আলোচনায় বসলেন। সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার প্রভাত বর্মন প্রতিশ্রুতি দিয়েছেন খুব শীঘ্রই গ্রামে সভা ডেকে আলোচনা করা হবে গ্রামবাসীদের সঙ্গে কিভাবে হাতিকে ঠেকানো যাবে তাই নিয়ে। এলাকার বাসিন্দারা বনদপ্তরের কর্মকর্তার সঙ্গে একমত হয়ে আগামী রবিবার গ্রামবাসীদের নিয়ে বৈঠক করার সিদ্ধান্ত নিয়েছেন।

# নয় বছরের শিশু কন্যাকে ধর্ষণ , গ্রেফতার অভিযুক্ত




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন :** নয় বছরের এক শিশু কন্যাকে ধর্ষণ করার অভিযোগে গ্রেফতার করা হয়েছে ১৯ বছরের এক যুবককে ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানা এলাকায়। পুলিশ সূত্রে জানা গেছে শিশুকন্যার মা তার ছোট সন্তানকে নিয়ে ডাক্তারের কাছে গিয়েছিল। সুযোগ বুঝে পার্শ্ববর্তী বারের ১৯ বছরের যুবক তার সঙ্গে লুকোচুরি খেলতে শুরু করে। এরপর শিশুকন্যার বাড়ির রান্নাঘরে তাকে ধর্ষণ করে। প্রচন্ড রক্তপাতের দরুন মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ে শিশুকন্যা। এরপরেই তার মা বাড়িতে এসে দেখেন রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছে শিশু কন্যা। শিশু কন্যার মা ১০০ নম্বরের ডায়াল করে বিস্তারিত ঘটনা জানানোর পরেই পুলিশ গিয়ে শিশুকন্যাটিকে উদ্ধার করে ডাক্তারের কাছে নিয়ে যায় এবং অভিযুক্ত ১৯ বছরের যুবককে গ্রেফতার করে। শুক্রবার অভিযুক্তকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন। অভিযুক্তর বিরুদ্ধে পক্সো ধারায় মামলা শুরু করেছে পুলিশ।

# হরিণ হত্যার অভিযোগে গ্রেপ্তার দুজন মারাখাতা থেকে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন :** হরিণ মারার অভিযোগে দুজনকে গ্রেপ্তার করার পরেই শামুকতলা রেঞ্জ অফিসে বিক্ষোভ দেখাতে শুরু করলেন গত বিধানসভা ভোটের আম আদমি উন্নয়ন পার্টির তথা হুমায়ুন কবিরের দলের প্রার্থী ইউনেলিস মোচারির নেতৃত্বে মারাখাতা এলাকার বাসিন্দারা। গত তিনদিন আগে মারা খাতা এলাকার বাসিন্দা স্বপন ঈশ্বরারী কে গ্রেফতার করেছে। সাউথ রায়ডাক রেঞ্জের বন কর্মীরা। তাকে জিজ্ঞাসাবাদ করেই আরো বেশ কয়েকজনের নাম পাওয়া গেছে। শুক্রবার সকালে বিশ্রাম তিরকি এবং ধীমান নার্জীনারি কে গ্রেফতার করে বনদপ্তরের কর্মকর্তারা। এরপরেই শুক্রবার দুপুরে মারা খাতা এলাকার মহিলা এবং পুরুষেরা শামুকতলা রেঞ্জ অফিসে এসে বিক্ষোভ দেখাতে থাকেন তাদেরকে ছেড়ে দেওয়ার জন্য। আর তাদের হয়ে নেতৃত্ব দেন হুমায়ুন কবিদের দলের প্রার্থী। যদিও শামুকতলা থানার পুলিশের উপস্থিতি তে তাদের সঙ্গে আলোচনা করেন রেঞ্জার প্রভাত কুমার বর্মন। তবে দীর্ঘক্ষন বিক্ষোভ করেও কোন কাজ হয়নি। বন এবং বন্যপ্রাণী রক্ষার্থে টহলদারি বাড়ানো হয়েছে এবং এই চোরা শিকারি দের রুখতে বনদপ্তর আরো কড়া পদক্ষেপ গ্রহণ করবে বলে জানিয়ে দিয়েছেন। এদিকে বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ টেলিফোনে জানিয়েছেন জঙ্গল এবং বন্যপ্রাণী রক্ষার জন্য সব রকম ব্যবস্থা গ্রহণ করা হবে।

# বিলাস বহুল বাইক আটক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ জুন :** বিলাসবহুল একটি বাইককে মোডিফাই করেছেন চালক। সামনের নাম্বার প্লেট চলে গেছে সীটের নিচে। পেছনের নাম্বার প্লেট উধাও হয়ে গেছে । যেকোনো জায়গায় দুর্ঘটনা ঘটানোর পর অনায়াসেই পালিয়ে যেতে পারবেন বাইক চালক। মোডিফাই বাইক চালককে কিছু ধাওয়া করে আটক করা হয়েছে গাড়িটিকে। মামলা হয়েছে গাড়ির চালকের নামে এমনটাই জানা গেছে শামুকতলা রোড ফাঁড়ির ওসির কাছ থেকে। পুলিশ সূত্রে জানা গেছে অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে তাদের।

# কোচবিহারে পালন করা হল আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস এবং মানব পাচার বিরোধী দিবস




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৬ জুন :** কোচবিহার শহরে  উৎসব অডিটোরিয়ামে  উদযাপন করা হল  আন্তর্জাতিক মাদক বিরোধী  দিবস এবং মানব পাচার বিরোধী দিবস  । আজকের এই সামাজিক সচেতনতা মূলক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন  জেলাশাসক জিতীন যাদব সহ  জেলা প্রশাসনিক কর্তা ব্যক্তিবর্গ এবং বিভিন্ন স বিদ্যালয়ের ছাত্রছাত্রী গণ।

# কোচবিহারে পালিত হল মহরম



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৬ জুন :** কোচবিহার শহরে  আজ পালন করা হল  মুসলিম সম্প্রদায়ের উৎসব মহরম। কঠোর পুলিশি নিরাপত্তায় শহরের খালাসী পট্টি থেকে একটি তাজিয়া নিয়ে শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন রাস্তা পরিক্রম করে। কোনও অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |